জীবননগরে জামায়াত কর্মী হাফিজুর রহমানের জানাজা সম্পন্ন

চুয়াডাঙ্গার জীবননগর উপজেলার বাঁকা ইউনিয়নের জামায়াত কর্মী হাফিজুর রহমানকে (৪৬) জানাজা নামাজ অনুষ্ঠিত হয়েছে। গতকাল রোববার বিকেলে জীবননগর উপজেলার সুটিয়া ঈদগাহ ময়দানে জানাজা অনুষ্ঠিত হয়।

জানাজার পূর্বে সংক্ষিপ্ত বক্তব্য রাখেন চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য মোঃ রুহুল আমিন, চুয়াডাঙ্গা-১ আসনের সংসদ সদস্য মোঃ মাসুদ পারভেজ রাসেল, জেলা জামায়াতের নায়েবে আমির আজিজুর রহমান, জেলা সেক্রেটারি আসাদুজ্জামান, আলমডাঙ্গা উপজেলা জামায়াতের আমির সফিউল আলম বকুল, জেলা জামায়াতের সাবেক আমির আনোয়ারুল হক মালিক, মরহুমের ভাই আনোয়ার হোসেন, খেলাফত মজলিসের জেলা সেক্রেটারি জুনায়েদ হোসেনসহ বিভিন্ন পর্যায়ের নেতৃবৃন্দ।

এর আগে শনিবার দুপুর ১২টায় চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নিহত হাফিজুর রহমানের ময়নাতদন্ত সম্পন্ন করা হয়। পরে বিকেল ৪টায় নিজ গ্রাম সুটিয়ায় জানাজা শেষে তাকে দাফন করা হয়।

উল্লেখ্য, চুয়াডাঙ্গার জীবননগর উপজেলার হাসাদহ বাজারে নির্বাচন-পরবর্তী ঘটনার জেরে শনিবার সন্ধ্যা ৭টার দিকে হামলার ঘটনা ঘটে। এতে জামায়াত কর্মী হাফিজুর রহমান নিহত হন এবং আরও তিনজন আহত হন। গুরুতর আহতদের মধ্যে বাঁকা ইউনিয়ন জামায়াতের আমির মফিজুর রহমান
(৪৫) ও তার ভাইকে প্রথমে জীবননগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে এবং পরে যশোর ২৫০ শয্যা হাসপাতালে নেওয়া হয়। অবস্থার অবনতি হলে তাদের ঢাকায় স্থানান্তর করা হয়। সেখানে চিকিৎসাধীন অবস্থায় গতকাল রোববার রাত ১টার দিকে হাফিজুর রহমান মারা যান।

জীবননগর থানা মডেল পাইলট মাধ্যমিক বিদ্যালয় শীর্ষে

জুনিয়র বৃত্তি পরীক্ষা ২০২৫ এর ফলাফল প্রকাশিত হয়েছে। এ বছর জীবননগর উপজেলায় শীর্ষস্থান অর্জন করেছে জীবননগর থানা মডেল পাইলট মাধ্যমিক বিদ্যালয়।

২০২৫ সালে জীবননগর উপজেলা থেকে মোট ৩৮৫ জন শিক্ষার্থী জুনিয়র বৃত্তি পরীক্ষায় অংশগ্রহণ করে।

গতকাল বুধবার ফলাফল প্রকাশ করা হয়। উপজেলায় ১৬ জন ট্যালেন্টপুলে এবং ৩৩ জন সাধারণ গ্রেডে মোট ৪৯ জন শিক্ষার্থী বৃত্তি পেয়েছে।

জীবননগর থানা মডেল পাইলট মাধ্যমিক বিদ্যালয় থেকে ট্যালেন্টপুলে ১০ জন এবং সাধারণ গ্রেডে ১৩ জন মোট ২৩ জন শিক্ষার্থী বৃত্তি অর্জন করেছে। জীবননগর থানা সরকারি পাইলট মাধ্যমিক বালিকা বিদ্যালয় থেকে ট্যালেন্টপুলে ৬ জন এবং সাধারণ গ্রেডে ১১ জন মোট ১৭ জন শিক্ষার্থী বৃত্তি পেয়েছে।

এছাড়া শাপলাকলি আদর্শ মাধ্যমিক বিদ্যালয় থেকে সাধারণ গ্রেডে ৩ জন, হাসাদাহ মাধ্যমিক বিদ্যালয় থেকে ১ জন, উথলী মাধ্যমিক বিদ্যালয় থেকে ২ জন, উথলী মাধ্যমিক বালিকা বিদ্যালয় থেকে ১ জন এবং কাশিপুর মাধ্যমিক বিদ্যালয় থেকে ২ জন শিক্ষার্থী সাধারণ গ্রেডে বৃত্তি পেয়েছে।

বেশি সংখ্যক শিক্ষার্থী বৃত্তি পাওয়ার বিষয়ে জীবননগর থানা মডেল পাইলট মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক রেবেকা সুলতানা জানান, শিক্ষকদের নিষ্ঠা ও আন্তরিকতার সঙ্গে পাঠদান এবং শিক্ষক, অভিভাবক, ম্যানেজিং কমিটি ও শিক্ষার্থীদের সম্মিলিত প্রচেষ্টার ফলেই এ সাফল্য অর্জন সম্ভব হয়েছে।

জীবননগর পৌর কেন্দ্রীয় ঈদগাহ কমিটি গঠন

জীবননগর পৌর কেন্দ্রীয় ঈদগাহের নতুন কমিটি গঠন করা হয়েছে। সোমবার সকাল ১০টায় কেন্দ্রীয় ঈদগাহ ময়দানে এ কমিটি গঠন করা হয়। আহ্বায়ক কমিটির সভাপতি ও পৌর বিএনপির সভাপতি শাজাহান কবিরের সভাপতিত্বে এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গের উপস্থিতিতে নতুন কমিটি ঘোষণা করা হয়।

উপস্থিত সকলের সম্মতিক্রমে সাবেক পৌর চেয়ারম্যান মো. আশরাফুল হককে সভাপতি এবং সাবেক কাউন্সিলর হযরত আলীকে সাধারণ সম্পাদক করে কমিটি গঠন করা হয়েছে। কমিটির কোষাধ্যক্ষ করা হয়েছে আখতারুজ্জামানকে।

নতুন কমিটির সভাপতি ও সাধারণ সম্পাদকের ওপর পূর্ণাঙ্গ কমিটি গঠনের দায়িত্ব অর্পণ করা হয়েছে। নবনির্বাচিত সভাপতি মো. আশরাফুল হক উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সার্বিক সহযোগিতা কামনা করেন।

জীবননগরে বাজার মনিটরিং অভিযান; পাঁচ প্রতিষ্ঠানকে ৭৯ হাজার টাকা জরিমানা

চুয়াডাঙ্গার জীবননগর উপজেলায় নিয়মিত বাজার মনিটরিং অভিযানে পাঁচ প্রতিষ্ঠানকে মোট ৭৯ হাজার টাকা জরিমানা করেছে ভ্রাম্যমাণ আদালত।

রবিবার সকাল থেকে দুপুর পর্যন্ত পরিচালিত এ অভিযানে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর চারটি মামলায় ৪ হাজার টাকা এবং বালু মহাল ও মাটি ব্যবস্থাপনা আইন, ২০১০ লঙ্ঘনের অভিযোগে আরও একটি মামলায় ৭৫ হাজার টাকা জরিমানা করা হয়।

জীবননগর উপজেলা নির্বাহী অফিসার মোঃ আশরাফুল আলম রাসেল জীবননগর থানা পুলিশের সহযোগিতায় এ অভিযান পরিচালনা করেন।

অভিযান সূত্রে জানা গেছে, বাজারে মূল্যতালিকা প্রদর্শন না করা, ওজন ও পরিমাপে অনিয়ম, এবং নিয়মবিরোধীভাবে বালু ও মাটি উত্তোলনের অভিযোগে এসব প্রতিষ্ঠানকে জরিমানা করা হয়েছে। বাজারের সার্বিক পরিস্থিতি স্বাভাবিক থাকলেও একাধিক দোকানে অনিয়ম ধরা পড়লে তাৎক্ষণিক ব্যবস্থা নেয় ভ্রাম্যমাণ আদালত।

অভিযান শেষে ব্যবসায়ীদের আইন মেনে ব্যবসা পরিচালনার বিষয়ে সতর্ক করা হয়। একই সঙ্গে ভোক্তাদের অধিকার নিশ্চিত করতে এ ধরনের মনিটরিং কার্যক্রম নিয়মিতভাবে অব্যাহত থাকবে বলে প্রশাসন জানিয়েছে।

জীবননগরে জামায়াত প্রার্থী রুহুল আমিনের গণমিছিল ও জনসভা

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে চুয়াডাঙ্গা–২ আসনে ১১ দলীয় জোট মনোনীত জামায়াতে ইসলামী–সমর্থিত দাঁড়িপাল্লা প্রতীকের প্রার্থী ও জেলা আমীর মো. রুহুল আমিনের শেষ নির্বাচনী গণমিছিল ও জনসভা গতকাল সোমবার বিকেলে জীবননগরে অনুষ্ঠিত হয়েছে।

বিকেল ৪টার দিকে শহরের হাইস্কুল মাঠ থেকে গণমিছিলটি শুরু হয়ে মুহূর্তেই জনসমুদ্রে রূপ নেয়। দুপুর থেকে উপজেলার আট ইউনিয়ন ও পৌরসভার বিভিন্ন এলাকা থেকে জামায়াত ও সহযোগী সংগঠনের নেতাকর্মীরা ব্যানার–ফেস্টুন, দলীয় প্রতীকের পতাকা ও স্লোগানে মুখরিত হয়ে মাঠে জড়ো হন। গণমিছিল শুরুর আগে সেখানে আসরের নামাজ আদায় করা হয়। ইমামতি করেন উপজেলা আমীর মাওলানা সাজেদুর রহমান।

হাইস্কুল মাঠ থেকে বের হয়ে গণমিছিলটি শহরের প্রধান সড়ক প্রদক্ষিণের পর জীবননগর স্টেডিয়াম মাঠে সমাবেশে পরিণত হয়।

সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে প্রার্থী রুহুল আমিন বলেন,

“রাজনীতির উদ্দেশ্য ক্ষমতা নয়—জনগণের সেবা। মানুষের অধিকার রক্ষা, শান্তি প্রতিষ্ঠা এবং সুশাসন নিশ্চিত করাই আমার অঙ্গীকার। নির্বাচিত হলে শিক্ষা, কৃষি, উন্নয়ন ও যুবসমাজের কর্মসংস্থানে বিশেষ অগ্রাধিকার দেওয়া হবে।”

তিনি দলমত–নির্বিশেষে শান্তি–শৃঙ্খলাভিত্তিক সমাজ গড়তে সবার সহযোগিতা কামনা করেন। সমাবেশে সভাপতিত্ব করেন, উপজেলা আমীর মাওলানা সাজেদুর রহমান।

এসময় আরও উপস্থিত ছিলেন— বাংলাদেশ সুপ্রিম কোর্টের সাবেক সহকারী অ্যাটর্নি জেনারেল এস এম শাহজাহান কবির, জেলা জামায়াতের সেক্রেটারি অ্যাডভোকেট আসাদুজ্জামান, ইসলামী বিশ্ববিদ্যালয় ছাত্রশিবিরের সাবেক সভাপতি অ্যাডভোকেট আসাদউদ্দীন, এনসিপির জেলা সভাপতি খাজা আমিরুল বাশার বিপ্লব, জেলা ছাত্রশিবির সভাপতি সাগর আহমেদ, খেলাফত মজলিশের জেলা সেক্রেটারি মাওলানা জোবায়ের আহম্মদ খান, জেলা কর্মপরিষদ সদস্য মাওলানা মহিউদ্দিন, মাওলানা ইসরাইল হোসেন, মাওলানা হাফিজুর রহমান, নায়েবে আমীর বিল্লাল হোসেন, সাখাওয়াত হোসেন, উপজেলা সেক্রেটারি মাফুজুর রহমান, সহকারী সেক্রেটারি মাওলানা আবু বকর সিদ্দিক, উপজেলা যুব বিভাগের সভাপতি মাজেদুর রহমান লিটন, শ্রমিক কল্যাণের সভাপতি কামাল হোসেন প্রমুখ।

নির্বাচনকে ঘিরে জীবননগর শহরজুড়ে উৎসবমুখর পরিবেশ লক্ষ্য করা গেছে।

জীবননগর সীমান্তে বিএসএফের হাতে মাদকসহ দুই বাংলাদেশি আটক

চুয়াডাঙ্গার জীবননগর সীমান্ত দিয়ে অবৈধভাবে ভারতে প্রবেশ করে মাদক সংগ্রহের সময় ভারতের ৫০ গজ অভ্যন্তরে দুই বাংলাদেশিকে আটক করেছে ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী বিএসএফ।

গতকাল শনিবার ভোরে এ ঘটনা ঘটে। আটক ব্যক্তিরা হলেন, জীবননগর

উপজেলার মনোহরপুর ইউনিয়নের রাজাপুর গ্রামের মো. সন্তো হোসেনের ছেলে মো. রকো হোসেন (৩৫) ওরফে রকো এবং মো. খোদাবকশের (খুদু) ছেলে মো. রাশিদুল ইসলাম (৩৬) ওরফে দুলি।

স্থানীয় সূত্র জানায়, আটক রকো ও দুলি দু’জনই মাদক ব্যবসায়ী। তারা দীর্ঘদিন ধরে মাদক পাচারের সঙ্গে জড়িত। তারা জীবননগর উপজেলার মাধপখালী সীমান্তের কাঁটাতারের বেড়া কেটে ভারতে প্রবেশ করে মাদক সংগ্রহের চেষ্টা করছিলেন। এ সময় ভারতের বিএসএফ সদস্যরা তাদেরকে আটক করে।

ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী বিএসএফের বরাত দিয়ে ঘটনাটি নিশ্চিত করে বিজিবির মহেশপুর ব্যাটালিয়নের (৫৮ বিজিবি) অধিনায়ক লে. কর্নেল রফিকুল আলম পিএসসি জানান, ভারতের অভ্যন্তরে মাদকসহ দুই বাংলাদেশি আটক হওয়ার পর বিএসএফের সঙ্গে যোগাযোগ করা হয়েছে। বিএসএফ জানিয়েছে আটক দু’জন মাদকসহ ধরা পড়ার কারণে তাদেরকে ভারতীয় পুলিশের কাছে হস্তান্তর করা হবে।

জীবননগরে ধানের শীষের পক্ষে গণসংযোগ করেন মিলিমা বিশ্বাস

জীবননগরে ধানের শীষের পক্ষে গণসংযোগ করে সাধারণ মানুষের কাছে ভোট প্রার্থনা করেন কেন্দ্রীয় কৃষক দলের সদস্য, জিয়া পরিষদের কেন্দ্রীয় কমিটির মহিলা বিষয়ক সম্পাদিকা ও চুয়াডাঙ্গা জেলা বিএনপি’র সাবেক আহ্বায়ক কমিটির সদস্য মিলিমা বিশ্বাস মিলি।

গতকাল সোমবার বিকালে উথলী বাসস্ট্যান্ড বাজার এলাকায় সাধারণ ব্যাবসায়ী ও পথচারীদের হাতে ধানের শীষের লিফলেট তুলে দেন তিনি।

গণসংযোগের সময় তিনি উথলী ইউনিয়ন বিএনপি’র কার্যালয়ে স্থানীয় বিএনপি ও এর অঙ্গসংগঠনের নেতৃবৃন্দের সাথে সৌজন্যে সাক্ষাৎ করেন।

গণসংযোগকালে চুয়াডাঙ্গা-১ আসনের সাবেক সংসদ সদস্য মরহুম শহিদুল

ইসলাম বিশ্বাসের কন্যা মিলি বিশ্বাস বলেন, চুয়াডাঙ্গা-২ আসনে বিএনপি মনোনীত মাহমুদ হাসান খান বাবু অনেক যোগ্য একজন প্রার্থী। বাবু খান অত্যান্ত ভালো মানুষ তিনি বিজয়ী হলে এই জনপদের অনেক উন্নয়ন হবে। বেকারদের কর্মসংস্থান সৃষ্টি হবে,শিক্ষা ব্যবস্থা, যোগাযোগ ব্যবস্থা সহ সকল ক্ষেত্রে অভূতপূর্ব উন্নয়ন হবে।সাধারণ মানুষের দুঃখদুর্দশা দূর হবে। এই এলাকার মানুষের জীবনযাত্রার মানোন্নয়নে তার কোনো বিকল্প নেই।

একটি সুন্দর চুয়াডাঙ্গা গঠনে তিনি যে প্রতিশ্রুতি দিয়েছেন সবগুলো তিনি বাস্তবায়ন করবেন। সকলে আপনারা আগামী ১২ ফেব্রুয়ারি নির্ভয়ে ভোটকেন্দ্রে যাবেন এবং বাবু খানকে ধানের শীষ প্রতীকে ভোট দিয়ে জয়যুক্ত করবেন।

জীবননগরে ধানের শীষের নির্বাচনী গণমিছিল ও সমাবেশ

জীবননগর পৌরসভার ৪ নং ওয়ার্ডের ধানের শীষের নির্বাচনী গণমিছিল ও সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শুক্রবার বিকেলে পৌরসভার ৪ নাম্বার ওয়ার্ডের ধানের শীষের নির্বাচনী অফিস থেকে এই মিছিল ৪ নং ওয়ার্ডের প্রধান প্রধান সড়ক প্রদর্শন করে । মিছিলে পৌর বিএনপি’র সভাপতি মোঃ শাজাহান কবির, সাবেক পৌর চেয়ারম্যান বিএনপি নেতা আশরাফুল হক, পৌর বিএনপি’র সহ সাংগঠনিক সম্পাদক মোঃ শফিউদ্দিন, ৪ নং ওয়ার্ড বিএনপির সভাপতি পলাশ মিয়া সেক্রেটারি পল্টু মিয়া, বিএনপি নেতা মিজানুর রহমান মিজা, সুমন মিয়া, সুজন মিয়া, সবুজ মিয়া সহ অনেকেই অংশগ্রহণ করেন।

মিছিলটি নির্বাচনী অফিসে এসে শেষ হয় এরপর সংক্ষিপ্ত বক্তব্য রাখেন, পৌর বিএনপি’র সভাপতি শাজাহান কবির, সাবেক পৌর চেয়ারম্যান বিএনপি নেতা আশরাফুল হক প্রমুখ।

জীবননগরে নির্বাচনী প্রচারণা শুরু করলেন জামায়াত প্রার্থী রুহুল আমিন

চুয়াডাঙ্গা-২ আসনের জামায়াতে ইসলামীর মনোনীত প্রার্থী ও জেলা জামায়াতে ইসলামীর আমির মো. রুহুল আমিন বীর মুক্তিযোদ্ধাদের কবর জিয়ারত করে আনুষ্ঠানিকভাবে তাঁর নির্বাচনী প্রচারণা শুরু করেন। পরে তিনি জীবননগরে কর্মরত সাংবাদিকদের সঙ্গে এক মতবিনিময় সভায় অংশ নেন।

বৃহস্পতিবার (২২ জানুয়ারি) সকাল ১০টার দিকে জীবননগর উপজেলা জামায়াতে ইসলামীর কার্যালয়ে এই মতবিনিময় সভার আয়োজন করা হয়। সভায় সভাপতিত্ব করেন জীবননগর উপজেলা জামায়াতে ইসলামীর সেক্রেটারি মাহফুজুর রহমান।

মতবিনিময় সভায় রুহুল আমিন আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে নিজের নির্বাচনী অঙ্গীকার, উন্নয়ন ভাবনা এবং এলাকার বিভিন্ন সমস্যা ও সম্ভাবনা নিয়ে আলোচনা করেন। তিনি বলেন, জনগণের কল্যাণে একটি কৃষি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা, স্থলবন্দর বাস্তবায়ন, জনগণের অধিকার প্রতিষ্ঠা, সুশাসন নিশ্চিতকরণ এবং দুর্নীতিমুক্ত সমাজ গঠনে তিনি কাজ করতে চান। এ সময় তিনি সাংবাদিকদের ভূমিকা ও সহযোগিতার প্রতি গুরুত্ব আরোপ করেন।

মতবিনিময় সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা মাজলিসুল মুফাসসিরিন সূরা সভাপতি হাফিজুর রহমান, সাবেক জেলা আমীর আনারুল হক মানিক, জেলা নায়েবে আমীর আজিজুর রহমান, উপজেলা নায়েবে আমীর শাখাওয়াত হোসেন, জীবননগর প্রেসক্লাবের সভাপতি এম. আর. বাবু, সাধারণ সম্পাদক নুর আলম, সাংবাদিক সালাউদ্দিন কাজল, নারায়ণ ভৌমিক, কাজী শামসুর রহমান, আকিমুল ইসলাম, মিঠুন মাহমুদ, জামাল হোসেন খোকন, এম. আই. মুকুল, জাহাঙ্গীর আলম, বশির উদ্দিন বিশ্বাস, মুন্সী রায়হান উদ্দিন, তুহিনুজ্জামান, মুতাসিন বিল্লাহ, হাসান নিলয়, দাউদ হোসেন প্রমুখ।

জীবননগরে জামায়াতের ইসলামীর ৯ টি ওয়ার্ড শাখা অফিস উদ্বোধন

জীবননগর উপজেলায় বাংলাদেশ জামায়াতে ইসলামী হাসাদাহ ইউনিয়নের ৯ টি ওয়ার্ডে শাখা অফিস উদ্বোধন করা হয়েছে।

গতকাল মঙ্গলবার সন্ধ্যার পর বৈদ্যানাথপুর প্রথম শাখা অফিস উদ্বোধন করেন চুয়াডাঙ্গা জেলা আমির ও চুয়াডাঙ্গা ২ আসনে বাংলাদেশ জামায়াতে ইসলামী মনোনীত প্রার্থী এ্যাড. রুহুল আমিন। তিনি বলেন, বাংলাদেশ জামায়াতে ইসলামী রাষ্ট্র ক্ষমতায় যেতে চাইনে, আমরা বাংলাদেশের মানুষকে রাস্ট্র ক্ষমতা নিয়ে যেতে চাই।

এছাড়াও উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গায় জেলা ছাত্রশিবির সাগর আহমেদ, বাংলাদেশ জামায়াতে ইসলামী জীবননগর উপজেলা শাখার সেক্রেটারি মাহফুজুর রহমান, উপজেলা শ্রমিক কল্যাণ বিভাগের সভাপতি কামাল উদ্দীন, উপজেলা কর্মপরিষদ সদস্য আব্দুস সালাম, হাসাদাহ ইউনিয়ন আমির আকতারুজ্জামান, নায়েব আমির আবুল কাশেম, সেক্রেটারি লাল্টু মিয়া, সহকারী সেক্রেটারি আজিবর রহমান,বায়তুলমাল তোফাজ্জেল হোসেন, তারবিয়াত সেক্রেটারি ওলিয়ার রহমান প্রমুখ।

অনুষ্ঠানটি পরিচালনা করেন, সহ সেক্রেটারির ও নির্বাচন পরিচালক শফিকুল ইসলাম শিমুল।